

নং-৪৬.০০.৭৮০০.০৪২.১৪.০৫৬.১৭. ২০৭৯

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ  
১১ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: পটুয়াখালী জেলা পরিষদের ২০১৭-২০১৮ অর্থ বছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

- সূত্র: ১) পটুয়াখালী জেলা পরিষদের স্মারক নং-৪৬.১০.৭৮০০.০০০০.১৪.০০১.১৮.৭৫, তারিখ: ৭/৩/২০১৮।  
২) পটুয়াখালী জেলা পরিষদের স্মারক নং-৪৬.১০.৭৮০০.০০০০.১৪.০০১.১৮.২৪৫, তারিখ: ২২/৫/২০১৮

পটুয়াখালী জেলা পরিষদের ২০১৭-২০১৮ অর্থ বছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৪,৭০,০০,০০০/- (চার কোটি সত্তর লক্ষ) টাকায় ৪১৪টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক নং-৯২-৯৪,১০২-১০৪, ১১৫, ১৫৯, ১৬৯, ২৭৭ ও ২৩১ এ বর্ণিত প্রকল্পগুলো ব্যক্তি মালিকানাধীন হওয়ায় উক্ত প্রকল্পগুলো ব্যতীত ৪,৫৮,২৫,০০০/- (চার কোটি আটান্ন লক্ষ পঁচিশ হাজার) টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ৪০৩টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহ:

- ১) পিপিআর-২০০৮ এর বিধি-বিধান অনুসরণ পূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ২) ৫.০০ লক্ষ বা তদুর্ধ্ব টাকার প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, পটুয়াখালী কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৩) দৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৪) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে;
- ৫) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;
- ৬) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্প স্থানে “জেলা পরিষদ পটুয়াখালী এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।
- ৭) নলকূপসমূহ বিভিন্ন ব্যক্তির বাড়িতে স্থাপন না করে সর্বসাধারণ যাতে সুপেয় পানি পান করতে পারে এরূপ স্থানে স্থাপন করতে হবে।

সংযুক্তি: বর্ণনামতে।

J.A.M.  
১১/৬/২০১৮  
(ড. জুলিয়া মঈন)  
উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, পটুয়াখালী।

অনুলিপি:

- ১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।